

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩১০

তারিখঃ ১১/০৭/১৯শ্রিঃ

বিষয়ঃ মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার ব্যবহার ও তদারকি জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির যাবতীয় কার্যক্রম মাইক্রোফাইন্যান্স সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রকল্প/কর্মসূচির কার্যক্রম তদারকি সহজিকরণের স্বার্থে ডিজিটাইজেশন/অটোমেশন এর আওতায় আনা হয়েছে। কর্মসূচির সাম্প্রতিক কার্যক্রম পর্যালোচনায় কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপি ক্রমাগত বৃদ্ধিতে প্রতীয়মান হয় যে, জেলা/উপজেলা পর্যায়ে যথাযথভাবে তদারকি হচ্ছে না এবং কর্তৃপক্ষ এ ব্যাপারে অসন্তোষ প্রকাশ করেছেন। তাই কর্মসূচির কার্যক্রম হালনাগাদ, কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপি বৃদ্ধি হ্রাসকল্পে সফটওয়্যারে ও সরেজমিনে তদারকি জোরদারকরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বদলীজনিত বা অন্য কোন কারণে যে সকল জেলা/উপজেলার উপপরিচালক/ইউআরডি'র User ID ও password জানা নেই তাদেরকে অতিসত্বর অত্র কর্মসূচির প্রোগ্রামার জনাব মোঃ ফিরোজ আহাম্মেদ (যোগাযোগ-০১৯১১৭৫৮৭৭৯,০১৭১১১৮৯২৫১,০২-৮০৮৯০৩০) এর সাথে যোগাযোগ করে User ID ও password জেনে নিয়ে সফটওয়্যারে তদারকির পাশাপাশি সরেজমিনে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
০২-৮১৮০১৪৪

১) উপপরিচালক

বিআরডিবি.....(কর্মসূচিভূক্ত সকল জেলা)।

২) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি ... (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ১১/০৭/১৯শ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

৫. অফিস নথি।

আল-আমিন
সহকারী পরিচালক (ইরেসপো)